

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date:21-10-2024**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Union Home Minister:**

জন্মু কাশ্মীরের গান্দেরাল জেলার Gagangier এলাকায় সন্ত্রাস বাদিরের আক্রমনে গতকাল ছয় জন শ্রমিক নিহত হয়েছেন এবং চার জন আহত হন। সরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ নিরীহ নাগরিকদের উপর এই আক্রমনের তীব্র নিন্দা করেছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে এক বার্তায় শাহ জানান কাপুরুষোচিত ওই হামলায় জড়িতদের রেহাই দেওয়া হবেন। আমাদের নিরাপত্তা বাহিনী তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করে কেন্দ্রীয় সরাষ্ট্রমন্ত্রী আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। কেন্দ্রীয় পরিবহন ও মহা সড়কমন্ত্রী নিতিন গড়করি ও এই আক্রমনের নিন্দা করেছেন। উল্লেখ্য একটি বেসরকারী সংস্থা শ্রমিকদের তাবুতে সন্ত্রাসবাদীরা হামলা করেছিল। শ্রীনগর, সোনমার্গ রাস্তায় একটি টানেল নির্মানের জন্য শ্রমিকরা সেখানে নিয়োজিত ছিলেন। আহতদের শ্রী নগরের SKIMS হাসপাতালে চিকিৎসা চলছে।

\*\*\*\*\*

**Law & Order CM:**

রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, মানুষের সার্বিক নিরাপত্তা প্রদান করা সরকারের অন্যতম লক্ষ্য। সম্প্রতি বিরোধী রাজনৈতিক দলের সদস্যরা দাবী করছেন যে রাজ্যে আইনশৃংখলার অবনতি ঘটেছে। এটা ঠিক না। গতকাল রাজধানীর ৮-নং বড়দোয়ালী বিধানসভা কেন্দ্রে বিজেপি'র দ্বিতীয় পর্বের সদস্যপদ অভিযান এবং জনসম্পর্ক

অভিযান অনুষ্ঠানে অংশ নিয়ে আকাশবাণীর প্রতিনিধিকে দেওয়া এক সাক্ষাৎকারে মুখ্যমন্ত্রী বলেন, যে কোন অনভিপ্রেত ঘটনা ঘটলে তার পরিপ্রেক্ষিতে পুলিশ কি ধরনের ব্যবস্থা গ্রহণ করছে সেটাই মূল বিষয়। তিনি জোর দিয়ে বলেন, রাজ্য পুলিশের গোয়েন্দা দপ্তরের কোন ধরনের খামতি থাকলে সেটা অবশ্যই খতিয়ে দেখা হবে। কারন সরকারের কাছে সর্বপ্রথম দ্বায়িত্ব হল মানুষের নিরাপত্তা।

\*\*\*\*\*

#### **DM West Dr. Bishal Kumar:**

গতকাল থেকে মোহনপুর ও সদর মহকুমার ভারত বাংলাদেশ সীমান্ত এলাকায় আইন শৃঙ্খলা রক্ষায় সীমান্তের ৫০০ মিটারের মধ্যে সাধারণ নাগরিকদের চলাফেরায় কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন পশ্চিম জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার। আগামী ১৯ ডিসেম্বর, পর্যন্ত এই নিষেধাজ্ঞা জারি থাকবে। এই নির্দেশ অমান্য করলে ভারতীয় ন্যায় সংহিতার ২২৩ নম্বর ধারার আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানান জেলাশাসক।

\*\*\*\*\*

#### **NF Railway Aizwal City:**

আগামী বছরের মধ্যে মিজোরামের রাজধানী আইজল ব্রডগেজ রেল লাইন দেশের বাকী অংশের সঙ্গে সংযুক্ত হবে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়, আইজলের কাছে সাইরাং পর্যন্ত নতুন ৫১.৩৮ কিলোমিটার দীর্ঘ রেললাইন নির্মানের কাজ হাতে নেওয়া হয়েছে।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারীক কপিঙ্গল কিশোর শর্মা জানিয়েছেন, আসামের হাইলাকান্দি জেলার কাছে বৈরবী থেকে আইজলের নিকটে সাইরাং পর্যন্ত এই ৫১.৩৮ কিলোমিটার নতুন লাইনের কাজ আগামী বছরের জুলাইয়ের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

তিনি জানান ৮,২১৩ কোটি .৭২ লক্ষ টাকার বৈরবী-সাইরাং  
রেল প্রকল্প এখন শেষ পর্যায়ে রয়েছে। আইজল হবে উত্তর  
পূর্বের চতুর্থ রাজ্যের রাজধানী, যেখানে রেল সংযোগ হতে  
চলছে।

\*\*\*\*\*

### **Malaria:**

এবছর জানুয়ারী থেকে ১৯ অক্টোবর পর্যন্ত রাজ্য ম্যালেরিয়ায়  
আক্রান্তের সংখ্যা ৮ হাজার ৮৬২ জন। এই সংখ্যা গত বছরে  
তুলনায় অনেকটাই কম বলে জানিয়েছেন স্টেট ম্যালেরিয়া  
নোডাল অফিসার ডক্টর অভিজিৎ দাস। তিনি বলেন, এর মধ্যে  
ধলাই জেলায় আক্রান্তের সংখ্যা ৬ হাজার ১৩৭ জন। পাহাড়  
জঙ্গল ঘেরা এই জেলার বেশিরভাগ গ্রামে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব  
প্রতিবছরই বেশি থাকে। তাই কেন্দ্রীয় সরকারের নীতি নির্দেশিকা  
মেনে এই সমস্ত এলাকায় প্রতি ১৫ দিনে একবার স্বাস্থ্য শিবিরের  
পাশাপাশি জনগণের রক্ত পরীক্ষা করানো হয়। সারা বছর ধরে  
এই নজরদারি চলে আক্রান্ত এলাকাগুলিতে। তিনি আরো বলেন,  
আক্রান্ত এলাকাগুলিতে ওষুধ যুক্ত মশারি প্রতি তিন বছর অন্তর  
দেওয়া হয়। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক থেকে পাঠানো এই বিশেষ  
ধরনের মশারি এখন পর্যন্ত ৯ লাখ পঁচিশ হাজার দেওয়া হয়েছে  
আক্রান্ত এলাকার জনগণের মধ্যে। এছাড়া জানুয়ারি মাস থেকে  
গতকাল ১৯ অক্টোবর পর্যন্ত রাজ্য ৭৫০ জন ডেঙ্গুতে আক্রান্ত  
হয়েছেন বলে জানিয়েছেন ডক্টর অভিজিৎ দাস।

\*\*\*\*\*

### **PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গত দশ বছরে দেশের স্বাস্থ্যসেবা ক্ষেত্রে  
সার্থক রূপান্তরের কথা গুরুত্ব দিয়ে উল্লেখ করেছেন। তিনি  
শুধুমাত্র পূর্বাঞ্চলে নয়, সমগ্র দেশের জন্য একটি প্রধান  
স্বাস্থ্যসেবা কেন্দ্র হিসাবে কাশীর ক্রমবর্ধমান খ্যাতির কথা তুলে

ধরেন। শ্রী মোদী তার সংসদীয় নির্বাচনী এলাকা বারাণসীতে আর জে শঙ্করা চক্র হসপাতালের উদ্বোধনের পর বক্তব্য রাখছিলেন। প্রধানমন্ত্রী ঘোষণা করেন, দেশে স্বাস্থ্যসেবা পরিকাঠামো আরও শক্তিশালী করতে সরকার আগামী পাঁচ বছরে আরও ৭৫ হাজার মেডিকেল আসন যুক্ত করবে। শ্রী মোদী স্বাস্থ্যসেবার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উদ্যোগের কথা উল্লেখ করে বলেন, দেশবাসীকে সাশ্রয়ী মূল্যের চিকিৎসা প্রদান করা হয়েছে। তিনি গত দশ বছরে পূর্বাঞ্চলে ৫,৫০০টিরও বেশি আয়ুষ্মান আরোগ্য মন্দির প্রতিষ্ঠার কথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী মিশন ইন্দ্রধনুষের সাফল্য তুলে ধরেন, যার মাধ্যমে লক্ষ লক্ষ গর্ভবতী মহিলা এবং নবজাতকদের টিকা দেয়া হয়েছে, বিশেষ করে COVID-19 মহামারী চলাকালীন জীবন রক্ষায় সহায়তা করেছিল।

\*\*\*\*\*

#### **Blind Sports:**

আগামী ১৩ই ডিসেম্বর থেকে উড়িষ্যাতে অনুষ্ঠিতব্য দৃষ্টিহীন জাতীয় ক্রিকেট প্রতিযোগিতার জন্য ১৬ সদস্যক ত্রিপুরা দলের তালিকা গতকাল প্রকাশিত হয়েছে। আগরতলা প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে তালিকা প্রকাশ করে ক্রিকেট এসোসিয়েশন ফর দ্য ব্লাইন্ড ইন ত্রিপুরা ও অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটি। ক্রিকেট দলের অধিনায়ক হয়েছেন সুকান্ত সরকার। সেইসাথে আগামী ২৬শে অক্টোবর থেকে অনুষ্ঠিতব্য পূর্বাঞ্চলীয় দৃষ্টিহীন দাবা প্রতিযোগিতার জন্য ১৩ সদস্যক রাজ্য দলের তালিকা ঘোষণা করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Mahila T-20:**

সিনিয়র মহিলাদের জাতীয় টি-২০ ক্রিকেটের লড়াইয়ে গ্রুপের তৃতীয় ম্যাচে ত্রিপুরা পরাজিত হয়েছে। লক্ষণো তে অনুষ্ঠিত

দিবারাত্রির খেলায় গতরাতে কেরালা ৫ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে ২৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি। গতকালের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি সেলসিয়াস।

আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*